তারিখ ... 5 JUN 2017 ...
পৃষ্ঠা ৩২ ... কলাম ... ৬ ...

সংবাদ

# ব্রাহ্মণবাড়িয়ার ২৮ শিক্ষক অবসরভাতা পাচ্ছেন না

## এক বছর ধরে মানবেতর জীবনে

**প্রতিনিধি, ব্রাহ্মণবাড়িয়া**

ব্রাহ্মণবাড়িয়ায় প্রাথমিক বিদ্যালয়ের ২৮ জন শিক্ষক প্রায় এক বছর আগে চাকরি থেকে অবসর গ্রহণ করলেও এখনো অবসরভাতা পাচ্ছেন না। অবসরভাতা না পাওয়ায় ওইসব শিক্ষক পরিবার-পরিজন নিয়ে অর্থে কষ্টে ভুগছেন। অভিযোগকারী শিক্ষকরা বলেন, তাদের সঙ্গে চাকরি থেকে অবসরে যাওয়া কুমিল্লা, চাঁদপুর, হবিগঞ্জসহ বিভিন্ন জেলার শিক্ষকরা অবসরভাতা পেলেও তারা অবসর ভাতা পাচ্ছেন না।

খোঁজ নিয়ে জানা গেছে, ২০১৩ সালে বে-সরকারি প্রাথমিক বিদ্যালয় সরকারিকরণের আওতায় ওই ২৮ জন শিক্ষকের চাকরি সরকারিকরণ করা হয়। চাকরি শেষে নির্ধারিত সময়ে তারা অবসরে গিয়ে অবসর ভাতা পাচ্ছেন না। এ ব্যাপারে নবীনগর উপজেলার রসুল্লাবাদ ইউনিয়নের রসুল্লাবাদ পূর্ব সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক খন্দকার আব্দুল জলিল অভিযোগ করে বলেন, তিনি গত ২৯/০৭/২০১৬ ইং তারিখে চাকরি থেকে অবসর গ্রহণ করেছেন। কিন্তু এখনো অবসর ভাতা পাননি। তিনি বলেন, তার মতো ব্রাহ্মণবাড়িয়ার বিভিন্ন উপজেলার ২৮ জন জন শিক্ষকও অবসর ভাতা পাচ্ছেন না। তিনি বলেন, তাদের সঙ্গে চাকরি থেকে অবসরে যাওয়া কুমিল্লা, চাঁদপুর, হবিগঞ্জসহ বিভিন্ন জেলার শিক্ষকরা অবসরভাতা পেলেও তারা অবসর ভাতা পাচ্ছেন না।

এ ব্যাপারে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সুব্রত কুমার বনিক বলেন, প্রয়োজনীয় যোগ্যতা না থাকায় ওইসব শিক্ষক শুধু গ্র্যাচুয়েটি পাচ্ছেন, কোনো পেনশন পাচ্ছেন না। তিনি বলেন, বে-সরকারি শিক্ষকদের চাকরি সরকারিকরনের সময় তাদেরকে শর্ত দেয়া হয়েছিল চাকরি সরকারি হওয়ার তিন বছরের মধ্যে তাদেরকে অবশ্যই এইচ.এস.সি পাশ এবং সিএনএড কোর্স করতে হবে। যারা শর্ত পূরণ করতে পারবেন না তারা অবসরকালীন ভাতা পাবেন না। তিনি বলেন, ওই ২৮ জন শিক্ষক তাদের প্রয়োজনীয় যোগ্যতা অর্জন করতে পারেননি। তিনি বলেন, তাদের ব্যাপারে মন্ত্রণালয়ে কাজ শুরু হয়েছে। অচিরেই এ সমস্যার সমাধান হবে বলে আশা করা যাচ্ছে। জেলা শিক্ষা অফিসার সুব্রত কুমার বনিক বলেন, অন্যান্য জেলায় যদি যোগ্যতা অর্জন করেনি এমন কাউকে পেনশন ভাতা দেয়া হয় তা হবে আইন বহির্ভূত।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রোগ্রামিং ... | |
| পি.এ | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর